



সংস্কারের পক্ষে ‘হ্যাঁ’ ভোটের আহ্বান নুরের



সংগৃহীত ছবি

নুরুল হক নুর বলেছেন, আসন্ন জাতীয় নির্বাচনের সঙ্গে জুলাই গণভোটও অনুষ্ঠিত হবে, যেখানে রাষ্ট্রসংস্কারের প্রশ্নে জনগণের মতামত নেওয়া হবে। সরকারিভাবে এই গণভোটের প্রচার চলায় সবাইকে সচেতন হয়ে সংস্কারের পক্ষে ‘হ্যাঁ’ ভোট দেওয়ার আহ্বান জানান তিনি।

বৃহস্পতিবার রাতে পটুয়াখালীর দশমিনায় বিএনপির উদ্যোগে খালেদা জিয়ার স্মরণসভায় প্রধান অতিথির বক্তব্যে নুর বলেন, ড. ইউনূসের নেতৃত্বে রাষ্ট্রসংস্কারের দায়িত্ব এখন জনগণের হাতেই। নির্বাচনকালীন বিধিনিষেধ থাকলেও গণভোটে অংশগ্রহণ ও সমর্থন জানানো নাগরিক দায়িত্ব বলে তিনি উল্লেখ করেন।

বিএনপির সঙ্গে জোট প্রসঙ্গে তিনি বলেন, তারেক রহমানের নেতৃত্বে দীর্ঘদিনের গণতান্ত্রিক আন্দোলন এবং ৩১ দফার ভিত্তিতেই যুগপৎ রাজনীতির ঐক্য গড়ে উঠেছে। জুলাই সনদের অনেক বিষয়ই সেই ঘোষণার সঙ্গে মিল থাকায় এই রাজনৈতিক সমন্বয় স্বাভাবিক ছিল বলে তিনি মনে করেন।

খালেদা জিয়ার স্মৃতিচারণ করে নুর বলেন, সংকটকালে তিনি ছিলেন দেশের জন্য দিকনির্দেশক এক নেতৃত্ব। মৃত্যুর আগে ইউনূসকে সহযোগিতা করা ও সততার রাজনীতি করার যে পরামর্শ তিনি দিয়েছিলেন, তা এখনো তাদের জন্য পথনির্দেশনা হয়ে আছে।